255

দৈনিক ইত্তেফাক

তারিখ AUG 1 5 1999
পৃষ্ঠা ২ কলাম ৬

# বৃটিশ বিশ্ববিদ্যালয়ে গমনেচ্ছু ছাত্র-ছাত্রীদের জন্য যাত্রা-পূর্ব নির্দেশ সভা

আগামী সেপ্টেম্বর ও অক্টোবর মাসে বিশ্ববিদ্যালয় পর্যায়ে অধ্যয়নের উদ্দেশ্যে যুক্তরাজ্য গমনেচ্ছু ছাত্র-ছাত্রীদের জন্য ব্রিটিশ কাউন্সিল-এর উদ্যোগে ১৭ই আগষ্ট সকাল ১০টায় বৃটিশ কাউন্সিল মিলনায়তনে একটি যাত্রা-পূর্ব নির্দেশ সভা অনুষ্ঠিত হইবে। যে সকল ছাত্র-ছাত্রী এই সভায় উপস্থিত থাকিতে চান, তাহারা বৃটিশ কাউন্সিল গ্রন্থাগারে অনুসন্ধান কেন্দ্রে নিজেদের নাম নিবন্ধভুক্ত করিয়া টিকিট সংগ্রহ করিতে পারেন। টিকিট আগামী সোমবার পর্যন্ত প্রতিদিন সকাল ১০টা হইতে সন্ধ্যা ৬টা পর্যন্ত শুধু 'আগে আসিলে আগে পাইবেন' ভিত্তিতে পাওয়া যাইবে। নির্দেশ সভার ব্যাপারে আরও তথ্য প্রয়োজন হইলে বৃটিশ কাউন্সিল, ৫, ফুলার রোড, ঢাকা-১০০০, অথবা টেলিফোন নম্বর ৮৬৮ ৯০৫-৭-এ যোগাযোগ করিতে অনুরোধ জানানো হইয়াছে। —প্রেস বিজ্ঞপ্তি